" উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূল মন্ত্র"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ
http://dss.tarakanda.mymensingh.gov.bd

নম্বরঃ ৪১.০১.৬১৮৮.০০২.০৬.০০০.২০-১৪৬ তারিখঃ ২৬অক্টোবর ২০২১

## বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: "সমাজকল্যাণ সংক্রান্ত উপজেলা স্থায়ী কমিটি"তারাকান্দা,ময়মনসিংহের সভা অনুষ্ঠান প্রসঙ্গে।**

আগামী ২৮.১০.২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় জনাব সালমা আক্তার কাকন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,তারাকান্দা, ময়মনসিংহ মহোদয়ের সভাপতিত্তে উপজেলা পরিষদ মিলনায়তনে "সমাজকল্যাণ সংক্রান্ত উপজেলা স্থায়ী কমিটি"তারাকান্দা, ময়মনসিংহের **সেপ্টেম্বর-অক্টোবর মাসের সভা** সভা অনুষ্ঠিত হবে। সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হল।

আলোচ্য সূচীঃ
০১. সকল প্রকার ভাতা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০২. বিবিধ আলোচনা।

২৬/১০/২১

রুবেল মন্ডল
উপজেলা সমাজসেবা অফিসার
ফোন: ০১৭০৮৪১৫০১১
ইমেইল: usso.tarakanda@dss.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

০১। জেলা প্রশাসক,ময়মনসিংহ।
০২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৩। উপপরিচালক,জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার,তারাকান্দা,ময়মনসিংহ।
০৫। চেয়ারম্যান, তারাকান্দা ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৬। চেয়ারম্যান, ঢাকুয়া ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৭। চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, কামারগাও ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৯। চেয়ারম্যান, বিসকা ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।

**সেপ্টেম্বর-অক্টোবর /২০২১ মাসে অনুষ্ঠিত "সমাজকল্যাণ সংক্রান্ত উপজেলা স্থায়ী কমিটি"তারাকান্দা,ময়মনসিংহের সভার কার্য বিবরণী।**

সভাপতিঃ জনাব সালমা আক্তার কাকন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ

স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, তারাকান্দা, ময়মনসিংহ।

তারিখঃ ২৮ অক্টোবর ২০২১, সময়ঃ দুপুর ১২.০০ টা।

হাজিরা বিবরনীঃ পরিশিষ্ট"ক"

সভার শুরুতে সভাপতি মহোদয়"সমাজকল্যাণ সংক্রান্ত উপজেলা স্থায়ী কমিটি" তারাকান্দা,ময়মনসিংহের সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার তারাকান্দা,ময়মনসিংহকে অনুরোধ করেন।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বয়স্ক ভাতা | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন যে, উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা প্রদানের জন্য mis.bhata.gov.bd/onlineapplication এই ওয়েব সাইটে গিয়ে ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন গ্রহন কার্যক্রম শুরু হয় ০১ আগষ্ট ২০২১ তারিখে এবং আবেদন গ্রহনের শেষ তারিখ ছিল ৩১ আগষ্ট ২০২১ তারিখ। কিন্তু সমাজসেবা অধিদফতরের স্মারক নং- ৮৯০ ও তারিখ ৩১ আগষ্ট ২০২১ মোতাবেক আবেদন গ্রহনের সময়সীমা ১০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত বাড়ানো হয়। ভাতা প্রাপ্তির জন্য জন্য তারাকান্দা উপজেলার সকল ইউনিয়ন (১০ ইউনিয়ন) এর যোগ্য নাগরিকগন নিজ নামে মোবাইল সীম/পরিবারের সদস্যদের সীম ব্যবহার করে অনলাইনে ভাতার জন্য আবেদন করে। আবেদনের নির্ধারিত সময়সীমা শেষ হবার পর ইউনিয়ন ভিত্তিক আবেদনের যে চিত্র দেখা যায় তা হলঃ তারাকান্দা ইউনিয়নে ৮৮৪ জন,বানিহালা ইউনিয়নে ৪৪৪ জন,কাকনী ইউনিয়নে ৪৬৭ জন, গালাগাও ইউনিয়নে ৬৫৬ জন, বালিখা ইউনিয়নে ৫১৮ জন, ঢাকুয়া ইউনিয়নে ৪৯৩ জন, রামপুর ইউনিয়নে ৪২৫ জন, কামারগাও ইউনিয়নে ৪৮৩ জন, কামারিয়া ইউনিয়নে ৬৫২ জন এবং বিসকা ইউনিয়নে ৮১২ জন সহ মোট ৫৯১৪ জন বয়স্ক ভাতার আবেদন করে। বয়স্ক ভাতার আবেদনকারী ৫৯১৪ জনকেই ভাতা প্রদানের জন্য শতভাগ বয়স্ক ভাতার বরাদ্দ প্রদান করা হয়। | সমাজসেবা অধিদফতর এর সামাজিক নিরাপত্তা অধিশাখার স্মারক নং- ৮৫৫ ও তারিখঃ ১৬ সেপ্টেম্বর ২০২১ মোতাবেক জারীকৃত পত্র অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরে তারাকান্দা উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা প্রদানের জন্য সমাজসেবা অধিদফতর,মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এমপি কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সমাজসেবা অফিসার ২০২১-২০২২ অর্থ বছরে তারাকান্দা উপজেলায় শতভাগ বয়স্ক ভাতাপ্রত্যাশী ব্যাক্তিদের চূড়ান্তভাবে ভাতার আওতায় আনা ও চূড়ান্তভাবে নির্বাচিত ভাতাপ্রত্যাশী ব্যাক্তিদের নগদ মোবাইল ব্যাংক হিসাব খোলার জন্য মোবাইল ফাইনান্সিয়াল কোম্পানী নগদ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করবেন। সংশ্লিষ্ট কমিটি উক্ত কাজ যথা সময়ে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবে। | উপজেলা সমাজসেবা অফিসার ও মোবাইল ফাইনান্সিয়াল কোম্পানী "নগদ" |
| ০২ | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন যে, উপজেলায় শতভাগ বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদানের জন্য mis.bhata.gov.bd/onlineapplication এই ওয়েব সাইটে গিয়ে ভাতা প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন গ্রহন কার্যক্রম শুরু হয় ০১ আগষ্ট ২০২১ তারিখে এবং আবেদন গ্রহনের শেষ তারিখ ছিল ৩১ আগষ্ট ২০২১ তারিখ। আবেদনের নির্ধারিত সময়সীমা শেষ হবার পর ইউনিয়ন ভিত্তিক আবেদনের যে চিত্র দেখা যায় তা হলঃ তারাকান্দা ইউনিয়নে ৯৭৭ জন,বানিহালা ইউনিয়নে ৩৬৭ জন,কাকনী ইউনিয়নে ৪৩৩ জন, গালাগাও ইউনিয়নে ৫৮৩ জন, বালিখা ইউনিয়নে ৪৭০ জন, ঢাকুয়া ইউনিয়নে ৪৫৭ জন, রামপুর ইউনিয়নে ৪৩৯ জন, কামারগাও ইউনিয়নে ৫০০ জন, কামারিয়া ইউনিয়নে ৬০৬ জন এবং বিসকা ইউনিয়নে ৬০১ জন সহ মোট ৫৪৩৩ জন বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার আবেদন করে। কিন্তু তারাকান্দা ইউনিয়নে ৬৮৭ জন,বানিহালা ইউনিয়নে ২৫৫ জন, কাকনী ইউনিয়নে ৩০৪ জন, গালাগাও ইউনিয়নে ৪১৩ জন, বালিখা ইউনিয়নে ৩৩৩ জন,ঢাকুয়া ইউনিয়নে ৩১৬ জন,রামপুর ইউনিয়নে ৩০৯ জন,কামারিয়া ইউনিয়নে ৪২৬ জন,কামারগাও ইউনিয়নে ৩৫৪ জন এবং বিসকা ইউনিয়নে ৪২১ জন সহ মোট ৩৮১৮ জনের বরাদ্দ প্রদান করা হয়। বাকী ১৬১৫ জনের বরাদ্দ প্রদানের জন্য সমাজসেবা অধিদফতরে পত্র প্রেরন করা যেতে | যেহেতু মোট আবেদন ও মোট বরাদ্দ প্রদানের মধ্য ১৬১৫ জনের বরাদ্দ কম প্রদান করা হয়েছে সেহেতু ভাতা প্রত্যাশী ব্যাক্তিদের অনলাইন আবেদনের ক্রমিক নং অনুযায়ী বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদান করা হবে। সমাজসেবা অফিসার ২০২১-২০২২ অর্থ বছরে তারাকান্দা উপজেলায় শতভাগ বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাপ্রত্যাশী ব্যাক্তিদের চূড়ান্তভাবে ভাতার আওতায় আনা ও চূড়ান্তভাবে নির্বাচিত ভাতাপ্রত্যাশী ব্যাক্তিদের নগদ মোবাইল ব্যাংক হিসাব খোলার জন্য মোবাইল ফাইনান্সিয়াল কোম্পানী নগদ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করবেন। সংশ্লিষ্ট কমিটি উক্ত কাজ যথা সময়ে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবে। | উপজেলা সমাজসেবা অফিসার ও মোবাইল ফাইনান্সিয়াল কোম্পানী "নগদ" |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারে। | | |
| ০৩ | প্রতিবন্ধী ভাতা | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে তারাকান্দা ইউনিয়নে ০৫ জন, বানিহালা ইউনিয়নে ০৫ জন, কাকনী ইউনিয়নে ০৫ জন, গালাগাও ইউনিয়নে ১৩ জন, ঢাকুয়া ইউনিয়নে ০৫ জন, রামপুর ইউনিয়নে ০৫ জন, কামারগাও ইউনিয়নে ০৫ জন, কামারিয়া ইউনিয়নে ২৭ জন এবং বিসকা ইউনিয়নে ০৫ জন সহ মোট ৭৫ জনের বরাদ্দ প্রদান করা হয়। www.dis.gov.bd সফ্টওয়ারের নিবন্ধন দেখে উপকারভোগী নির্বাচন করতে হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ইউনিয়ন ভিত্তিক প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী প্রতিবন্ধী ভাতার উপকারভোগী নির্বাচন করার ক্ষেত্রে www.dis.gov.bd সফ্টওয়ারের নিবন্ধন দেখে উপকারভোগী নির্বাচন করবেন এবং চূড়ান্তভাবে নির্বাচিত ভাতাপ্রত্যাশী ব্যাক্তিদের নগদ মোবাইল ব্যাংক হিসাব খোলার জন্য মোবাইল ফাইনান্সিয়াল কোম্পানী নগদ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করবেন। সংশ্লিষ্ট কমিটি উক্ত কাজ যথা সময়ে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবে। | উপজেলা সমাজসেবা অফিসার ও মোবাইল ফাইনান্সিয়াল কোম্পানী "নগদ" |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালমা আক্তার কাকন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,তারাকান্দা, ময়মনসিংহ
ও
সভাপতি
সমাজকল্যাণ সংক্রান্ত উপজেলা স্থায়ী কমিটি

স্মারক নং- ৪১.০১.৬১৮৮.০০০.১৬.০০৫.২০.-১৪৭

তারিখঃ ২৮ অক্টোবর ২০২১

বিতরনঃ
০১। জেলা প্রশাসক,ময়মনসিংহ।
০২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৩। উপপরিচালক,জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার,তারাকান্দা,ময়মনসিংহ।
০৫। চেয়ারম্যান, তারাকান্দা ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৬। চেয়ারম্যান, ঢাকুয়া ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৭। চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, কামারগাও ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
০৯। চেয়ারম্যান, বিসকা ইউনিয়ন পরিষদ,তারাকান্দা,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(রুবেল মন্ডল)
উপজেলা সমাজসেবা অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ
ও
সদস্য-সচিব
সমাজকল্যাণ সংক্রান্ত উপজেলা স্থায়ী কমিটি